



পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি

POWER GRID BANGLADESH PLC

(An Enterprise of Bangladesh Power Development Board)

Grid Bhaban, Avenue-3, Jahurul Islam City, Aftabnagar, Badda, Dhaka-1212 Web: www.powergrid.gov.bd
স্মারক নং- ২৭.২১.০০০০.০০০.৪২৭.১৮.০০০১.২৬.৯৫১ তারিখঃ ১৭/০৫/২০২৬খ্রিঃ

২৩০ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইন চালুর সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি কর্তৃক বাস্তবায়নধীন “দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় সঞ্চালন গ্রিড সম্প্রসারণ প্রকল্প” শীর্ষক প্রকল্পের আওতায় নতুন বিদ্যুৎ পাওয়ার প্ল্যান্ট হতে চরফ্যাশন ২৩০/৩৩০ কেভি গ্রিড উপকেন্দ্র পর্যন্ত নবনির্মিত ২৩০ কেভি ৪১ কিঃমিঃ সঞ্চালন লাইন নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

উক্ত সঞ্চালন লাইনটি **ভোলা জেলার বোরহানউদ্দীন উপজেলাধীন** সাচড়া, বদরপুর, দেউলা ইউনিয়ন সমূহের চর গাজীপুর, দেউলা, চর টিটিয়া, ছোট পাতা, বড় পাতা, সাচড়া, ঝিটকা, লেজ ছকিনা, কাজিরাবাদ, রায়রাবাদ মৌজা সমূহ ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে এবং **লালমোহন উপজেলাধীন** কালমা, ফরাজগঞ্জ, পশ্চিম চর উমেদ ইউনিয়ন সমূহের রায়রাবাদ, লাদন খালী, চর ছকিনা, পেশকার হাওলা, কর্ণপাড়া, আসলী, নয়নী, মহেশখালী, পশ্চিম চর উমেদ, চর যমুনা মৌজা সমূহ ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে এবং **চরফ্যাশন উপজেলাধীন** ওমরপুর, আমিনাবাদ, জিন্মাগড়, ওসমানগঞ্জ ইউনিয়ন সমূহের আলীগাঁও, হালিমাবাদ, ওসমানগঞ্জ, কুলসুমবাগ, আমিনাবাদ, উত্তর চরফ্যাশন ও জিন্মাগড় মৌজাসমূহ ও তৎসংলগ্ন এলাকার উপর দিয়ে অতিক্রম করেছে।

উক্ত সঞ্চালন লাইনটি আগামী ২০ মে ২০২৬ তারিখ, বুধবার, আনুমানিক দুপুর ১২:০০ টায় ২,৩০,০০০ ভোল্টেজ দ্বারা পরীক্ষামূলকভাবে চালু করা হবে এবং উক্ত সময় হতে বর্ণিত নবনির্মিত লাইনটি সার্বক্ষণিক চালু থাকবে। অতএব, উক্ত নবনির্মিত নতুন বিদ্যুৎ পাওয়ারপ্ল্যান্ট-চরফ্যাশন ২৩০ কেভি ৪১ কিঃমিঃ সঞ্চালন লাইনের টাওয়ারসমূহে আরোহণ, গবাদিপশু বাঁধা, টাওয়ারে রশি বেঁধে কাপড় শুকানো, লাইনের নিচে ও পাশে বাঁশঝাড় ও দ্রুত বর্ধনশীল গাছ-পালা রোপন করা বা কেটে লাইনের উপর ফেলা, ঘুড়ি বা ডোন ওড়ানো প্রভৃতি ঝুঁকিপূর্ণ কাজ হতে বিরত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উচ্চ ভোল্টেজে বিদ্যুতায়িত নবনির্মিত সঞ্চালন লাইন বা টাওয়ারের সংস্পর্শে এসে কেউ দুর্ঘটনার শিকার হলে পাওয়ার গ্রিড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

মোঃ মামুন হাসান

প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)

দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রিড সম্প্রসারণ প্রকল্প